

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৯.৪৯.০০১.১৭.১

তারিখ: ১৮ ফাল্গুন, ১৪২৩


০২ মার্চ, ২০১৭

বিষয়: জেলা, উপজেলা ও যুব প্রশিক্ষণ কেন্দ্রের ২০১৬-২০১৭ অর্থবছরে প্রশিক্ষণোত্তর আত্মকর্মীর বিবরণ ডাটা ব্যাংকে সংরক্ষণ ও প্রধান কার্যালয়কে অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ যুবসমাজ। যার একটি অংশ বেকার ও কর্মহীন। এই বেকার ও কর্মহীন যুবসমাজের বৃহদাংশ অর্ধশিক্ষিত ও স্বল্প শিক্ষিত। যারা নিজেদের আত্মকর্মী হওয়ার মানসে যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। ইতোমধ্যে প্রায় অর্ধকোটি যুবক ও যুবমহিলা প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং এর একটা বিরাট অংশ আত্মকর্মী হয়েছেন। তারা এ অধিদপ্তরের সাফল্যের সাক্ষ্য বহন করে এবং অধিদপ্তরের কার্যক্রমের ব্যাপক প্রচারের ক্ষেত্রে এম্বেসেডর এর ভূমিকা পালন করতে পারে। যুবসমাজের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রকল্প কিংবা কর্মসূচী গ্রহণের ক্ষেত্রে তথ্য ও উপাত্তের উপর নির্ভর করতে হয়। কিন্তু অধিদপ্তরের সফলতা ও অগ্রগতির তথ্য একিভূতাকারে সংরক্ষণ না থাকায় উন্নয়ন প্রকল্প/কর্মসূচী গ্রহণের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হতে হয়। এমনকি আত্মকর্মী সৃজনে প্রশিক্ষণ কোর্সের চাহিদা নিরূপণ ও প্রয়োজনে অনুপযোগী/কম উপযোগী কোর্স চিহ্নিত করে আগামীতে সময়াপযোগী প্রশিক্ষণ কোর্স নির্বাচনে সমস্যায় পড়তে হয়। এক্ষেত্রে সফল আত্মকর্মীদের মতামতও গুরুত্বসহকারে নেয়া দরকার।

০২। এমতাবস্থায় প্রধান কার্যালয়ে প্রেরিত সংখ্যাভিত্তিক পরিসংখ্যানের বছরভিত্তিক তথ্য(২০১৬-২০১৭ অর্থবছরের) নিম্নবর্ণিত ছকে ডাটা ব্যাংক আকারে সংরক্ষণ ও এর সফট কপি ও হার্ড কপি প্রধান কার্যালয়ের বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন শাখায় জুলাই, ২০১৬-ফেব্রুয়ারী, ২০১৭ মাস পর্যন্ত (সফট কপির ক্ষেত্রে ই-মেইল dydimyouth@gmail.com) তথ্যাদি আগামী ১০ এপ্রিল, ২০১৭ তারিখের মধ্যে প্রেরণ পূর্বক আগামীতে প্রতিমাসে ১ম সপ্তাহের মধ্যে প্রতি মাসের তথ্যাদি বর্ণিত ছকে কোন ব্যতীতি ছাড়াই প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	জেলা/উপ জেলা/যুব প্রশিক্ষণ কেন্দ্রের নাম	কোর্সের নাম	প্রশিক্ষিতের নাম ও ঠিকানা (ই-মেইল নম্বর ও জাতীয় পরিচয়পত্র নম্বরসহ)	আত্মকর্মীর নাম ও ঠিকানা (ই-মেইল নম্বর ও জাতীয় পরিচয়পত্র নম্বরসহ)	আত্মকর্মীর পেশা	শুরু থেকে		মন্তব্য
						ক্রমপঞ্জিত সংখ্যা	প্রশিক্ষণ গ্রহণকারী আত্মকর্মী	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯



আনোয়ারুল করিম
মহাপরিচালক

ফোন: ০১৭০৯৩৩০৭৭৭

ইমেইল: anwarul.karim82@gmail.com

- ১) পরিচালক, প্রশাসন ও অর্থ, যুব উন্নয়ন অধিদপ্তর
- ২) পরিচালক, পরিকল্পনা, যুব উন্নয়ন অধিদপ্তর
- ৩) পরিচালক, বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন, যুব উন্নয়ন অধিদপ্তর
- ৪) পরিচালক, দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী, যুব উন্নয়ন অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক, (সকল) জেলা।
- ৬) ডেপুটি কো-অর্ডিনেটর, (সকল) যুব প্রশিক্ষণ কেন্দ্র।
- ৭) কো-অর্ডিনেটর, (সকল) যুব প্রশিক্ষণ কেন্দ্র।
- ৮) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, (সকল) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়।